

১। আইএফআর (IFR) সরাসরি সম্প্রচার প্রদর্শনী। গত ০৭ ডিসেম্বর ২০২২ তারিখ IFR – 2022 এর উদ্বোধনী অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার বানৌজা তিতুমীরস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে প্রদর্শনের ব্যবস্থা করা হয়। উক্ত প্রদর্শনীতে কর্তব্যরত ব্যক্তি ব্যতিত সকল কর্মকর্তা, জেসিওস, পিওস এবং নাবিকবৃন্দ উপস্থিত ছিলেন।



চিত্রঃ IFR-2022 উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচার বানৌজা তিতুমীরস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে প্রদর্শনের খন্ডচিত্র।

২। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির ৩৪ জন শিক্ষার্থী বানৌজা শের-ই-বাংলা পরিদর্শন। গত ১০ ডিসেম্বর ২০২২ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির ৩৪ জন শিক্ষার্থী বানৌজা শের-ই-বাংলা পরিদর্শন করেন।



চিত্রঃ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির শিক্ষার্থী বানৌজা শের-ই-বাংলা পরিদর্শন এর স্থির চিত্র।

৩। পুষ্পস্তবক অর্পণ। গত ১০ ডিসেম্বর ২০২২ তারিখ বীরশ্রেষ্ঠ শহীদ রুহুল আমিন ও বীরবিক্রম শহীদ মহিবুল্লাহ এর ৫১তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে কমান্ডার খুলনা নৌ অঞ্চল শহীদদের মাজারে পুষ্পস্তবক অর্পণ করেন।



চিত্রঃ শহীদদের মাজারে পুষ্পস্তবক অর্পণ এর খন্ড চিত্র।

৪। **বিশেষ মোনাজাত।** গত ১০ ডিসেম্বর ২০২২ তারিখ বানোজা তিতুমীর ঘাটের ৪৮তম কমিশনিং দিবস এবং বীরশ্রেষ্ঠ শহীদ রুহুল আমিন ও বীরবিক্রম শহীদ মহিবুল্লাহ এর ৫১তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে ঘাটস্থ কেন্দ্রীয় মসজিদে এক বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়। এছাড়াও উক্ত কমিশনিং দিবস উপলক্ষ্যে ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে এক প্রীতিভোজ এর আয়োজন করা হয়। উক্ত প্রীতিভোজ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে কমান্ডার খুলনা নৌ অঞ্চল উপস্থিত ছিলেন।



চিত্রঃ ঘাটের ৪৮তম কমিশনিং দিবস এবং বীরশ্রেষ্ঠ শহীদ রুহুল আমিন ও বীরবিক্রম শহীদ মহিবুল্লাহ এর ৫১তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে ঘাটস্থ কেন্দ্রীয় মসজিদে বিশেষ মোনাজাত ও প্রীতিভোজের খন্ড চিত্র।

৫। **প্রান্তন নৌবাহিনী প্রধান মরহুম রিয়ার এডমিরাল সুলতান আহমেদ এর মৃত্যুবার্ষিকী পালন।** গত ১৫ ডিসেম্বর ২০২২ তারিখ বাদ যোহর প্রান্তন নৌবাহিনী প্রধান মরহুম রিয়ার এডমিরাল সুলতান আহমেদ এর ২১তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে তার রুহের মাগফেরাত কামনা করে খুলনা নৌ অঞ্চলের সকল মসজিদে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।



চিত্রঃ বিশেষ দোয়া ও মোনাজাতের স্থির চিত্র।

৬। **মহান বিজয় দিবস-২০২২ উদযাপন।** গত ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ খুলনা নৌ অঞ্চলে যথাযথ মর্যাদার সাথে মহান বিজয় দিবস ২০২২ উদযাপিত হয়। উক্ত দিবস উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং মাননীয় নৌবাহিনী প্রধান এর বানী সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান হয়। উক্ত দিবসে মুক্তিযুদ্ধ বিষয়ক প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয় এবং সকল ঘাটস্থ মসজিদে বাদ জম্মা মহান বিজয় দিবস ২০২২ উপলক্ষ্যে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়।





চিত্রঃ মহান বিজয় দিবস-২০২২ উদ্‌যাপনের স্থির চিত্র।

৭। কমান্ডার খুলনা নৌ অঞ্চল টেনিস ও স্কোয়াশ প্রতিযোগিতা -২০২২। গত ২১ ডিসেম্বর ২০২২ বানোজা তিতুমীরের ব্যবস্থাপনায় কমান্ডার খুলনা নৌ অঞ্চল টেনিস ও স্কোয়াশ প্রতিযোগিতা -২০২২ এর চূড়ান্ত পর্ব অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়ার এডমিরাল মোহাম্মদ আনোয়ার হোসেন, এনজিপি, পিসিজিএম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।



চিত্রঃ কমান্ডার খুলনা নৌ অঞ্চল টেনিস ও স্কোয়াশ প্রতিযোগিতা -২০২২ এর স্থির চিত্র।

৮। কমান্ডার খুলনা নৌ অঞ্চল কর্তৃক “বানোজা শের-ই-বাংলা পটুয়াখালী শীর্ষক প্রকল্প” পরিদর্শন। গত ২৮ ডিসেম্বর ২০২২ তারিখ কমান্ডার খুলনা নৌ অঞ্চল “বানোজা শের-ই-বাংলা প্রকল্প” পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি শের-ই-বাংলার বিভিন্ন প্রকল্পের কাজ ঘুরে দেখেন এবং আসন্ন কমিশনিং অনুষ্ঠানের প্রস্তুতি গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।



চিত্রঃ কমান্ডার খুলনা নৌ অঞ্চল কর্তৃক “বানোজা শের-ই-বাংলা পটুয়াখালী স্থাপন” শীর্ষক প্রকল্প পরিদর্শনের স্থিরচিত্র।